চুয়াডাঙ্গায় মাদকবিরোধী ফুটবল টুর্নামেন্ট ও পুরষ্কার বিতরণ অনুষ্ঠিত

চুয়াডাঙ্গায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের আয়োজনে মাদকবিরোধী ফুটবল টুর্নামেন্ট অনুষ্ঠিত হয়েছে। রবিবার বেলা সাড়ে চারটার সময় চুয়াডাঙ্গা পুরাতন স্টেডিয়ামে মাদকবিরোধী ফুটবল টুর্নামেন্ট অনুষ্ঠিত হয়।

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, চুয়াডাঙ্গার আয়োজনে মাদকবিরোধী ফুটবল টুর্নামেন্ট ২০২৩ এর সমাপনী ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক মোঃ শরীয়ত উল্লাহ সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান।

এ সময় প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, খেলাধুলা ও সুস্থ সংস্কৃতি চর্চা ছাত্র-ছাত্রীদের অনন্য মানুষে পরিণত করে। ভালো শিক্ষার্থী হওয়ার পাশাপাশি ভালো মানুষ হতে হলে খেলাধুলার বিকল্প নেই৷ মানবিক মূল্যবোধ সমৃদ্ধ উন্নত জাতি গড়তে সুস্থ সাংস্কৃতিক চর্চা ও ক্রীড়াঙ্গনেও দক্ষ হতে হবে।তিনি আরও বলেন, খেলায় যেমন প্রতিযোগিতা রয়েছে তেমনি রয়েছে মানুষ হিসেবে প্রয়োজনীয় গুনাবলী অর্জনের সুযোগ। তোমাদের সেই গুনাবলী অর্জন করতে হবে।

চুয়াডাঙ্গা পুরাতন স্টেডিয়ামে চারটি দলের অংশগ্রহণে নকআউট পর্বে ফাইনাল খেলায় চুয়াডাঙ্গা টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ ও চুয়াডাঙ্গা পৌর ডিগ্রী কলেজ অংশগ্রহণ করে। চুয়াডাঙ্গা পৌর ডিগ্রী কলেজ চ্যাম্পিয়ান লাভ করেন ও চুয়াডাঙ্গা টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজ রানার্সআপ হয়।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত চুয়াডাঙ্গা পৌর মেয়র জাহাঙ্গীর আলম মালিক, চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন) আবু তারেক, চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী অফিসার শামীম ভূইয়া, চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সভাপতি সরদার আল আমিন সহ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কর্মকর্তা কর্মচারী বৃন্দ।